



মোঃ মাকরুজ্জামান

উপসচিব

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট-৯৩৫১

ওয়েব সাইট : www.mpa.gov.bd

ফেইজবুক পেজঃ

মোংলা বন্দর সংবাদ “Mongla Port News”

ইমেইল : prompa6@gmail.com

মোবাইল নম্বর : 01740-625740

প্রেস বিজ্ঞপ্তি

“শোকাবহ আগস্ট” মোংলা বন্দরে মাসব্যাপী বিভিন্ন কর্মসূচী

বাঙ্গালী জাতির মহান নেতা সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদাৎ বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে মোংলা বন্দর কর্তৃপক্ষ মাসব্যাপী বিভিন্ন কর্মসূচী পালনের সিদ্ধান্ত গ্রহণ করে। ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০১৯ পালনের প্রস্তুতিমূলক সভায় কমডোর এ কে এম ফারুক হাসান, বিএন, চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষের সভাপতিত্বে কর্তৃপক্ষের সকল সদস্য, বিভাগীয় প্রধান ও অন্যান্য কর্মকর্তাদের উপস্থিতিতে এ সিদ্ধান্ত গৃহীত হয়। কর্মসূচির মধ্যে রয়েছে মবক এর সকল কর্মচারীর কালব্যাজ ধারণ (মাসব্যাপী), ১৫ আগস্ট বন্দরের সকল স্থাপনায় জাতীয় পতাকা উত্তোলন, স্থানীয় জনগণের জন্য একদিন ফ্রি প্রাথমিক চিকিৎসা, কোরআন খতম ও কাঙ্গালী ভোজ। এছাড়া মোংলা বন্দর কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আলোচনা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী ও দোয়া মাহফিল।